ভোরের কাগজ

তারিখ 06 SEP 199[illegible]
পৃষ্ঠা 2 কলাম 6

# ৪ দিনের আন্তর্জাতিক শিক্ষা সম্মেলন শুরু

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী এমন একটি বিশ্ব গড়ে তোলার আহ্বান জানিয়েছেন, যেখানে শিক্ষা সম্মান নিয়ে সবাই সুন্দরভাবে জীবনযাপন করতে পারবে। গতকাল আন্তর্জাতিক শিক্ষা সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, বিশ্বায়নকে স্বাগত জানানো উচিত। কিন্তু এ প্রক্রিয়ায় বিশ্বের বিভিন্ন অংশের স্বতন্ত্র বিশেষত্বকে ভুলে গেলে চলবে না।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে গতকাল চারদিনের এ আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন হয়। 'সবার জন্য শিক্ষা'-এ শিরোনামে এশিয়া স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের সহযোগিতায় বাংলাদেশের প্রগতিশীল ছাত্র সংগঠনগুলো সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে সভাপতিত্ব করেন সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক ও ছাত্রমৈত্রীর সভাপতি জিয়াউল হক জিয়া। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আমিনুল ইসলাম।

এশিয়ান স্টুডেন্ট অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক কেশব পাণ্ডে, প্রগতিশীল ছাত্র সংগঠনগুলোর পক্ষে এনামুল হক শামীম, সাইফুর রহমান তপন, মঞ্জুর এ খোদা টরিক, মোঃ শহীদুল্লাহ, জোনায়েদ সাকি প্রতিকার চাকমা বক্তব্য রাখেন। সম্মেলনে অংশগ্রহণকারী মরিসাস, নেপাল, অস্ট্রেলিয়া মালয়েশিয়া, হংকং, লাওস, নিউজিল্যান্ড পর্তুগাল, ইরাকের প্রতিনিধি দল থেকে একজন করে প্রতিনিধিও সম্মেলনে বক্তব্য রাখেন।

মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে উদ্বোধনী অনুষ্ঠান শেষ হয়। বিকালে স্থানীয় একটি হোটেলে সম্মেলনের দ্বিতীয় পর্ব 'একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় শিক্ষা ব্যবস্থা' বিষয়ের ওপর সেমিনার অনুষ্ঠিত হয়।